শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
সমন্বয় শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.tmed.gov.bd

স্মারক নম্বর: ৫৭.০০.০০০০..০৪৩.৯৯.০০১.১৭.৫২

তারিখ: ১৯ ফাল্গুন ১৪২৭
০৪ মার্চ ২০২১

বিষয়: **'বঙ্গবন্ধু স্কলার' নির্বাচন ও বৃত্তি প্রদানের বিজ্ঞপ্তি বহুল প্রচার সংক্রান্ত।**

সূত্র: তথ্য মন্ত্রণালয়ের স্মারক নং-১৫.০০.০০০০.০১৯.১৮.০৩৬.১২.৩০৪, তারিখ: ১৫ নভেম্বর, ২০২০ খ্রি:।

উপর্যুক্ত বিষয়ে সূত্রোস্থ স্মারকের প্রেক্ষিতে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশত বর্ষিকী, ২০২০ উদ্‌যাপন উপলক্ষ্যে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ের আয়োজনে এবং প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের সহযোগিতায় সারা দেশের মেধাবী শিক্ষার্থীদের উৎসাহিতকরনের লক্ষ্যে প্রতিযোগিতার মাধ্যমে 'বঙ্গবন্ধু স্কলার' নির্বাচন ও বৃত্তি প্রদান করা হবে।

এমতাবস্থায়, এতদ্‌সঙ্গে সংযুক্ত 'বঙ্গবন্ধু স্কলার' নির্বাচন ও বৃত্তি প্রদান বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের নিমিত্ত স্ব স্ব ওয়েবসাইটসহ অধীন শিক্ষা প্রতিষ্ঠানে প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ জানানো হলো।

সংযুক্তি: 'বঙ্গবন্ধু স্কলার' নির্বাচন ও বৃত্তি প্রদান বিজ্ঞপ্তি।

৪-৩-২০২১
মোঃ হুমায়ূন কবীর
সহকারী সচিব (অতিরিক্ত দায়িত্ব)
ইমেইল: sascordinet@tmed.gov.bd

বিতরন :

১) মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর
২) মহাপরিচালক (অতিরিক্ত সচিব) , মাদরাসা শিক্ষা অধিদপ্তর
৩) চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড
৪) চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড
৫) পরিচালক, জাতীয় কম্পিউটার প্রশিক্ষণ ও গবেষণা একাডেমী (নেকটার), বগুড়া
৬) অধ্যক্ষ, বাংলাদেশ মাদরাসা শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউট
৭) সহকারী প্রোগ্রামার , আইসিটি অধিশাখা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ

তারিখ: ১৯ ফাল্গুন ১৪২৭ / ০৪ মার্চ ২০২১

স্মারক নম্বর: ৫৭.০০.০০০০..০৪৩.৯৯.০০১.১৭.৫২/১(২)

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) সচিবের একান্ত সচিব, সচিব-এর দপ্তর, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ

২) ব্যবস্থাপনা পরিচালক, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট

৪-৩-২০২১

মোঃ হুমায়ুন কবীর

সহকারী সচিব (অতিরিক্ত দায়িত্ব)

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**

**কারিগরি শিক্ষা অধিদপ্তর**

**এফ-৪/বি, আগারগাঁও প্রশাসনিক এলাকা**

**শেরে-ই-বাংলানগর, ঢাকা-১২০৭।**

তারিখ : ০৭/০৩/২০২১ খ্রি.

নং-৫৭.০৩.০০০০.০১০.২৫.০১৭.১৯-১০৫

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি দেয়া হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে):

০১. পরিচালক (প্রশাসন/পিআইডব্লিউ/ভোকেশনাল/পিআইইউ/পরিঃওউন্নঃ) কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা;
০২. চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা;
০৩. অধ্যক্ষ, টেকনিক্যাল টিচার্স ট্রেনিং কলেজ, ঢাকা;
০৪. অধ্যক্ষ, ইঞ্জিনিয়ারিং কলেজ (সিলেট, ময়মনসিংহ, ফরিদপুর, বরিশাল);
০৫. আঞ্চলিক পরিচালক, আঞ্চলিক পরিচালকের কার্যালয় (সকল);
০৬. অধ্যক্ষ, ভিটিটিআই, বগুড়া;
০৭. অধ্যক্ষ, পলিটেকনিক/মনোটেকনিক ইনস্টিটিউট (সকল);
০৮. অধ্যক্ষ, টেকনিক্যাল স্কুল ও কলেজ (সকল);
০৯. ইকুইপমেন্ট অফিসার, সেন্ট্রাল স্টোর, নারায়নগঞ্জ;
১০. সহকারী পরিচালক (১/২/৩/৪/৫/৬/৭/৮/৯/১০), কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা;

পত্রের মর্মানুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ করা হলো।

১১. ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা **(পত্রটি ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো);**
১২. প্রশাসনিক কর্মকর্তা, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা
১৩. মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য);
১৪. সংরক্ষণ নথি।

০৭/০৩/২০২১

(মোঃ জাহেদুল কবির খান)

সহকারী পরিচালক-০১

ফোন- ০২-৫৮১৫২২০৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
বাড়ি নং-৪৪, সড়ক নং-১২/এ, ধানমন্ডি, ঢাকা-১২০৯
www.pmeat.gov.bd, ফ্যাক্স: ০২-৮১৯১০১৯

নং-৩৭.২৪.০০০০.০০০.০৮.০০১.২১-৭৪

তারিখ : ১০ ফাল্গুন, ১৪২৭ বঙ্গাব্দ
২৩ ফেব্রুয়ারি ২০২১ খ্রিষ্টাব্দ

# 'বঙ্গবন্ধু স্কলার' নির্বাচন ও বৃত্তি প্রদান বিজ্ঞপ্তি

বিষয়: প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের আওতায় 'বঙ্গবন্ধু স্কলার' নির্বাচন ও বৃত্তি প্রদানের আবেদন আহ্বান।

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ের আওতায় প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের উদ্যোগে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মশত বার্ষিকী উদযাপন উপলক্ষ্যে অনন্য মেধাবী শিক্ষার্থীদেরকে স্বীকৃতি ও উৎসাহ প্রদানের জন্য দেশের মধ্যে সকল সরকারি ও বেসরকারি বিশ্ববিদ্যালয়ের স্নাতকোত্তর (Post Graduation) পর্যায়ের শিক্ষার্থীদের মধ্য হতে 'বঙ্গবন্ধু স্কলার' নির্বাচন ও বৃত্তি প্রদান করা হবে। এ লক্ষ্যে নিম্নবর্ণিত শর্তে ও নির্ধারিত আবেদনপত্রে দরখাস্ত আহ্বান করা হচ্ছে :

ক) স্কলারশিপের অধিক্ষেত্র :

| ক্রমিক | স্কলারশিপের অধিক্ষেত্র |
|---|---|
| ১. | সামাজিক বিজ্ঞান (Social Science) |
| ২. | কলা ও মানবিক (Arts & Humanities) |
| ৩. | ব্যবসায় শিক্ষা (Business Studies) |
| ৪. | আইন (Law) |
| ৫. | ভৌত বিজ্ঞান (Physical Science) |
| ৬. | ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজি (Engineering &Technology) |
| ৭. | বিজ্ঞান (Science) |
| ৮. | জীব বিজ্ঞান (Biological Science) |
| ৯. | শিক্ষা ও উন্নয়ন (Education & Development) |
| ১০. | চিকিৎসা (Medicine) |
| ১১. | চারুকারু (Fine Arts) |
| ১২. | কৃষি বিজ্ঞান (Agricultural Science) |
| ১৩. | মাদরাসা শিক্ষা (Madrasha Education) |

খ) প্রত্যেক অধিক্ষেত্র হতে ১ জন স্কলারকে বৃত্তি প্রদান করা হবে।

গ) আবেদনের নিয়ম ও শর্তাবলি :

১. মুজিব শতবর্ষ উপলক্ষ্যে প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের 'বঙ্গবন্ধু স্কলার নির্বাচন ও বৃত্তি প্রদান নির্দেশিকায়' বর্ণিত শর্ত, যোগ্যতা এবং অন্যান্য বিষয়াদি অনুসরণপূর্বক শিক্ষার্থীদেরকে আবেদন করতে হবে। এ সংক্রান্ত নির্দেশিকা/আবেদনপত্রের ফরম প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের ওয়েবসাইটে (www.pmeat.gov.bd) পাওয়া যাবে।

২. সরকারি-বেসরকারি বিশ্ববিদ্যালয়ে স্নাতকোত্তর শ্রেণিতে ভর্তির নিশ্চয়তা পেয়েছেন বা ভর্তিকৃত এমন শিক্ষার্থীগণ 'বঙ্গবন্ধু স্কলার' বৃত্তির জন্য শিক্ষাপ্রতিষ্ঠানের মাধ্যমে আবেদন করবেন। আবেদনপত্রের সাথে সকল শিক্ষাগত যোগ্যতার সনদ, নম্বরপত্র ও এক্সট্রা কারিকুলার অ্যাচিভমেন্ট'র সনদের সত্যায়িত অনুলিপি সংযোজন করতে হবে।

৩. পূরণকৃত আবেদন ফরম এবং জাতীয় পরিচয়পত্রের অনুলিপি আগামী ২৮ মার্চ ২০২১ তারিখ অফিস চলাকালীন ব্যবস্থাপনা পরিচালক, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, বাড়ি নং-৪৪, সড়ক নং-১২/এ, ধানমন্ডি, ঢাকা-১২০৯ বরাবর রেজিস্টার্ড ডাকযোগে বা সরাসরি পৌছাতে হবে। নির্ধারিত তারিখ ও সময়ের পর প্রাপ্ত কোনো আবেদনপত্র বিবেচনা করা হবে না।

৪. কর্তৃপক্ষ যে কোনো সময় এ বিজ্ঞপ্তি বাতিল/পরিবর্তন এবং যে কোনো আবেদন বিবেচনা/বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

২৩.০২.২০২১

(নাসরীন আফরোজ)
ব্যবস্থাপনা পরিচালক (অতিরিক্ত সচিব)
ফোন: ০২-৮১৯২২০০
ই-মেইল: md@pmeat.gov.bd